



# বাংলাদেশ কম্পিউটার সোসাইটি BANGLADESH COMPUTER SOCIETY

An organization of Computer Professionals established in 1979  
Under Registration No. S 1638(53)/95

তারিখঃ ০৮ সেপ্টেম্বর ২০২৪

## “ফেসবুকে সাম্প্রতিক একটি পোস্ট এর জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ”

সম্মানিত বিসিএস সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম। গত জুলাই মাসের শুরু থেকেই প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও ছাত্রদের প্রতি আমার পূর্ণ সমর্থন ছিল যার প্রেক্ষিতে আমার অবস্থান থেকে ফেসবুকে ১৭ই জুলাই একটি পোস্ট করি যার শিরোনাম ছিল: "ইতিহাস প্রমাণিত - সাধারণ ছাত্র আন্দোলন কখনো ভুল ছিল না"।

পরবর্তীতে আরেকটি পোস্টে আমার সমর্থন ছাত্রদের ৯ দফার সাথে থাকলেও তৎকালীন সরকারের বিপরীতে সরকারি প্রতিষ্ঠানে চাকুরীরত অবস্থায় সরাসরি ১ দফার সাথে সমর্থন না দেয়ায় বিসিএস এর অনেক সদস্য ও ছাত্রদের কাছে আমার অবস্থান অস্পষ্ট থেকে যায়। আমার অবস্থান ও সমর্থন সবসময় ছাত্রদের পক্ষে ছিল, আছে এবং থাকবে, সেইসাথে ভবিষ্যতে অন্তর্বর্তীকালীন সরকার ও সকল সদস্যদের সাথে নিয়ে কাজ করার অঙ্গীকার পুনঃব্যক্ত করে, উল্লেখিত পোস্টের জন্য আমি আন্তরিকভাবে দুঃখিত ও ক্ষমাপ্রার্থী।

এলিন ববী

সেক্রেটারি জেনারেল

বাংলাদেশ কম্পিউটার সোসাইটি